

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য মন্ত্রণালয়
চলচ্চিত্র অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moi.gov.bd

নং-১৫.০০.০০০০.০২৭.৩৫.০০৯.১৬. ৫১৯

তারিখঃ ২৪ শ্রাবণ ১৪২৩
০৮ আগস্ট ২০১৬

বিষয়ঃ ‘বিজলী’ নামক চলচ্চিত্রের গান ও আংশিক দৃশ্য চিত্রায়নের জন্য “ভারত ও থাইল্যান্ডে” যাওয়ার অনুমতি প্রসঙ্গে।

সূত্রঃ বব স্টার ফিল্মস এর ১৭ জুলাই ২০১৬ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্মাণাধীন চলচ্চিত্র ‘বিজলী’ এর প্রযোজক মিজ ইয়ামীন হক ববি, বব স্টার ফিল্মস, ৭৩, কাকরাইল, ঢাকা এর আবেদনক্রমে উক্ত চলচ্চিত্রের শূটিংয়ের উদ্দেশ্যে নিম্নবর্ণিত ০২নং অনুচ্ছেদে উল্লেখিত তালিকায় ১১ (এগারো) জন শিল্পী ও কলাকুশলীকে নিম্নোক্ত শর্ত প্রতিপালন সাপেক্ষে “ভারত ও থাইল্যান্ডে” গমনের লক্ষ্যে নির্দেশক্রমে অনুমতি প্রদান করা হলো:

শর্ত:

- বিদেশে কোনো অশ্লীল দৃশ্য চিত্রায়ণ করা যাবে না;
- বিদেশে অবস্থানকালীন শিল্পী-কলাকুশলী কর্তৃক কোনো অশালীন আচরণ করা যাবে না;
- বাংলাদেশের ভাবমূর্তি ক্ষুণ্ণ হয় এমন কোনো কাজ করা যাবে না। শূটিং এর উদ্দেশ্যে ব্যতিত অন্য কোন কাজে অংশগ্রহণ করা যাবে না;
- অনুমোদিত শিল্পী, কলা-কুশলী ও যন্ত্রপাতির বাইরে কোনো শিল্পী ও যন্ত্রপাতি বিদেশে নেয়া যাবে না;
- ‘বিজলী’ নামক চলচ্চিত্রের পক্ষে ভ্রমণকারী কলাকুশলীগণের ঠিকানাসহ তালিকা ও ভ্রমণ তফশিল সংশ্লিষ্ট বাংলাদেশ মিশনে প্রযোজকের নিজ দায়িত্বে ভ্রমণ শুরুর তারিখের পূর্বেই প্রেরণ নিশ্চিত করতে হবে;
- এ বিষয়ে সংশ্লিষ্ট অন্যান্য কর্তৃপক্ষের প্রয়োজনীয় অনুমতি গ্রহণ করবেন ও তদানুযায়ী বিধি মোতাবেক কার্যক্রম গ্রহণ করবেন;
- ‘বিজলী’ নামক চলচ্চিত্র বিদেশে শূটিংয়ের সময় বিদেশী শিল্পী অংশগ্রহণ করলে তাদের পারিশ্রমিক ও ভ্যাট/ট্যাক্স এর তথ্যাদি দাখিলপূর্বক বিদেশী শিল্পীর অংশগ্রহণের বিষয়ে আলাদাভাবে তথ্য মন্ত্রণালয়ের ঘটনোত্তর অনুমোদন গ্রহণ করতে হবে;
- আলোচ্য চলচ্চিত্র বিদেশে শূটিংয়ের অনুমতি প্রাপ্তির তারিখ হতে ০৬ (ছয়) মাসের মধ্যে চলচ্চিত্রের শূটিং সমাপ্ত করতে হবে। অন্যথায় কর্তৃপক্ষের অনুমতি গ্রহণ করতে হবে;
- ভ্রমণ শেষে দেশে ফেরত কলাকুশলীগণের তালিকা/প্রতিবেদন প্রয়োজনা প্রতিষ্ঠান কর্তৃক তথ্য মন্ত্রণালয়ে এবং বিএফডিসিতে ১৫ (পনের) দিনের মধ্যে জমা দিতে হবে। তালিকা/প্রতিবেদন প্রদান না করলে ঐ সকল প্রয়োজনা প্রতিষ্ঠানকে পরবর্তীতে অন্য কোনো চলচ্চিত্রের বিদেশে শূটিং এর আবেদন বিবেচনা করা হবে না; এবং
- আলোচ্য বিদেশ ভ্রমণ/শূটিংয়ের জন্য বাংলাদেশ সরকারের কোনো আর্থিক সংশ্লেষ থাকবে না।

০২। বিদেশে শূটিং এ অংশগ্রহণকারী শিল্পী ও কলাকুশলীর তালিকা:

ক্র:	বিদেশে শূটিং এ অংশগ্রহণকারী শিল্পী ও কলাকুশলীর তালিকা	ক্র:	বিদেশে শূটিং এ অংশগ্রহণকারী শিল্পী ও কলাকুশলীর তালিকা
১	ইয়ামীন হক ববি, প্রযোজক	৭	মোহাম্মদ রফিকুল ইসলাম রনি, স্থির চিত্রগ্রাহক
২	ইফতেখান চৌধুরী, পরিচালক	৮	মো: জামাল উদ্দিন, রুপসজ্জাকর
৩	রবিউল ইসলাম রবি, অভিনেতা	৯	নাজিম উদ্দিন, অঙ্গসজ্জাকর
৪	সুম্ন রেজা জুস্মান, অভিনেতা	১০	আব্দুল মান্নান, ব্যবস্থাপক
৫	কাজী মনির হোসেন, প্রধান সহকারী পরিচালক	১১	রিয়াজ উদ্দিন বন্টু, প্রোডাকশন বয়
৬	সোহরাব হোসেন, সহকারী পরিচালক	--	---

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

(জি.এন. নজমুল হোসেন খান)
উপসচিব(চলচ্চিত্র)
ফোন- ৯৫৪০৪৬৩
E-mail : sas.film@moi.gov.bd

চলমান পাতা/০২

পূর্বপৃষ্ঠার পর-

নং-১৫.০০.০০০০.০২৭.৩৫.০০৯.১৬. ৫১২ (১৫)

তারিখঃ ২৪ শ্রাবণ ১৪২৩
০৮ আগস্ট ২০১৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা (দৃ: অ: মহাপরিচালক, বহিঃপ্রচার অনুবিভাগ)।
- ৩। সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার, ইস্কাটন রোড, ঢাকা।
- ৪। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা।
- ৫। অতিরিক্ত সচিব (উন্নয়ন) ও সভাপতি, বিদেশে চলচ্চিত্র সূটিংয়ের অনুমতি প্রদান কমিটি, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন, তেজগাঁও, ঢাকা।
- ৭। অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক, স্পেশাল ব্রাঞ্চ, ঢাকা।
- ৮। ভাইস চেয়ারম্যান, রপ্তানী উন্নয়ন ব্যুরো, কারওয়ান বাজার, ঢাকা।
- ৯। প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ১১১-১১৩ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।
- ১০। মহাপরিচালক, ইমিগ্রেশন এন্ড পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
- ১১। কমিশনার অব কাস্টমস, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ১২। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ডেক্স অফিসার, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ১৩। ভাইস চেয়ারম্যান, বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড, ঢাকা।
- ১৪। মহাব্যবস্থাপক, ফরেন এক্সচেঞ্জ অপারেশন ডিপার্টমেন্ট, প্রধান কার্যালয়, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
- ১৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৬। প্রশাসক, বাংলাদেশ চলচ্চিত্র প্রযোজক-পরিবেশক সমিতি, স্কাই লার্ক পয়েন্ট (৮ম তলা), ১৭৫, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, বিজয়নগর, ঢাকা।
- ১৭। সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৮। মিড ইয়ামীন হক ববি, প্রযোজক, বব স্টার ফিল্মস, ৭৩, কাকরাইল, ঢাকা। 'বিজলী' চলচ্চিত্রের অনুমতিপ্রাপ্ত শিল্পী, কলা-কুশলীগণের নাম ও পাসপোর্টের সত্যায়িত কপি পাসপোর্ট এন্ড ইমিগ্রেশন অধিদপ্তর, ঢাকা ও পররাষ্ট্র মন্ত্রণালয়ের বহিঃপ্রচার অনুবিভাগে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।


(জি.এন. নজমুল হোসেন খান)
উপসচিব(চলচ্চিত্র)
ফোন- ৯৫৪০৪৬৩